১৭৮

দৈনিক বাংলা

০৯৫

তারিখ ... 1/7/82 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

# সরকারী কর্মচারীদের জন্য মহার্ঘ ভাতা

(বিশেষ সংবাদদাতা)

নতুন জাতীয় বেতন স্কেলের আওতাভুক্ত সামরিক ও বে-সামরিক সরকারী কর্মচারী এবং স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মচারীদেরকে তাদের মূল বেতনের আনুপাতিক হিসেবের ভিত্তিতে মহার্ঘ ভাতা দেয়া হবে। ১৯৮২ সালের ১লা জুন থেকে এই ভাতা দেয়া হবে।

অর্থ ও পরিকল্পনা মন্ত্রী জনাব এ এম মুহিত বুধবার জাতীয় বাজেট বক্তৃতায় সরকারের এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেন। তিনি বলেন, কয়েক বছরের পুঞ্জীভূত মূল্যস্ফীতির কথা বিবেচনা করে এবং সরকারের সীমিত সম্পদের সঙ্গে সামঞ্জস্য রেখে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। এই সিদ্ধান্ত অনুযায়ী

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## মহার্ঘ ভাতা

(১-এর পৃঃ পর)

যাদের মূল বেতন এক হাজার টাকা পর্যন্ত তারা প্রতিমাসে নিজ মূল বেতনের শতকরা ত্রিশ টাকা হারে মহার্ঘ ভাতা পাবেন। যাদের মূল বেতন এক হাজার টাকার উর্ধ্বে তারা প্রতিমাসে নিজ মূল বেতনের শতকরা কুড়ি টাকা হারে (ন্যূনপক্ষে তিনশত টাকা এবং অনুর্ধ্ব চারশত টাকা) মহার্ঘ ভাতা হিসেবে পাবেন।

সরকারী কর্মচারীদের মহার্ঘ ভাতা প্রদানের জন্য আনুমানিক ১১০ কোটি টাকা ধরা হয়েছে বলে অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় উল্লেখ করেন।

তিনি বলেন, ১৯৭৭ সালের ১লা জুলাই থেকে নতুন জাতীয় বেতন স্কেল চালু হওয়ার পর পাঁচ বৎসর অতিক্রান্ত হয়েছে। এই দীর্ঘ সময়ে দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে কর্মচারীদের বাঁধা বেতনের প্রকৃত ক্রয়ক্ষমতা বিশেষভাবে ক্ষয়প্রাপ্ত হয়েছে। সরকারী কর্মচারীদের আর্থিক অনটন যথাসম্ভব লাঘব করে তাদের কর্মক্ষমতা বাড়ানোর জন্য বর্তমান সরকার বিশেষভাবে আগ্রহী।